# পটুয়াখালীতে যুবদলের পদবঞ্চিত নেতাকর্মীদের ঝাড়ু মিছিল



ছবি: সংগৃহীত

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলা যুবদলের সদ্য ঘোষিত আংশিক কমিটিকে ‘পকেট কমিটি’ আখ্যা দিয়ে তা বাতিলের দাবিতে ঝাড়ু মিছিল ও বিক্ষোভ করেছেন পদবঞ্চিত নেতা-কর্মীরা।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে এ কর্মসূচি পালন করেন তারা।

সংক্ষিপ্ত সমাবেশে বিক্ষোভকারীরা বলেন, তারা মাদকের বিরুদ্ধে অবস্থান নিয়ে আসছেন। অথচ যৌথ বাহিনীর হাতে মাদকসহ আটক হওয়া একজনকে নতুন কমিটিতে রাখা হয়েছে। এ কমিটি তারা প্রত্যাখ্যান করেছেন। তদন্তের মাধ্যমে যোগ্যতা ও ত্যাগের মূল্যায়ন করে ত্যাগী নেতাদের কমিটিতে অন্তর্ভুক্ত করার দাবি জানান তারা।

বিক্ষোভকারীদের অভিযোগ, তৃণমূলের নেতা-কর্মীদের মতামত উপেক্ষা করেই নতুন কমিটি গঠন করা হয়েছে। দ্রুত কমিটি পুনর্গঠন করা না হলে আরও কঠোর কর্মসূচি দেওয়ার হুঁশিয়ারি দেন তারা।

LENS ASIA

উল্লেখ্য, ২৬ আগস্ট মির্জাগঞ্জ উপজেলা যুবদলের সাত সদস্যের আংশিক কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি করা হয়েছে গাজী রাসেদ সামস্ এবং সাধারণ সম্পাদক করা হয়েছে গাজী আতাউর রহমানকে। আগামী ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার কথা রয়েছে।